ভোরের কাগজ

তারিখ ... JAN 14 2000 ...
পৃষ্ঠা ... কলাম

# ঢা. বি. কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ

গত ৪ জানুয়ারি ২০০০ ভীষণ উদ্বেগজনক খবর বেরিয়েছে ভোরের কাগজ-এ। খবর অনুযায়ী, মাত্র ১ থেকে ৫ হাজার টাকার বিনিময়ে বিভিন্ন বোর্ড, বিশ্ববিদ্যালয়ের জাল মার্কসিট ও সার্টিফিকেট পাওয়া যাচ্ছে। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেটও রয়েছে। তবে আমি যে বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটি হলো, প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিকে কেন্দ্র করে বিশাল এক ভর্তিযুদ্ধ হয়। বিশেষ করে, ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ থেকে ঢা.বি.তে ভর্তির ক্ষেত্রে (এসএসসি-এর ৪%, এইচএসসি এর ৬% এবং M.C.Q-এর মাধ্যমে প্রাপ্ত নম্বরের যোগফল) যে পদ্ধতি চালু হয়েছে তাতে এসএসসি এবং এইচএসসি-র নম্বরের একটি বড়ো ভূমিকা থাকে ঢা.বি.তে ভর্তির ক্ষেত্রে। এমনটি হওয়া বিচিত্র নয় যে, জাল এসএসসি এবং এইচএসসি মার্কসিট ব্যবহার করে কেউ কেউ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে থাকতে পারে। কিন্তু প্রাচ্যের অক্সফোর্ড বলে কথিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ্য ছাত্রছাত্রীরাই ভর্তির অধিকার রাখে, কোনোক্রমেই জাল মার্কসিটধারীরা নয়। তাই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এ ব্যাপারে কঠোর হতে অনুরোধ করছি।

মনোজ
সমাজ বিজ্ঞান বিভাগ, দ্বিতীয় বর্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়